

## বেসরকারি ভার্টিসিটিতে টিউশন ফি কমানোর তাগিদ শিক্ষামন্ত্রীর

### ■ ইত্তেফাক রিপোর্ট

সর্বস্তরের শিক্ষার্থীদের পড়ার সুযোগ তৈরি করে দিতে বেসরকারি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ব্যয়সীমা কমানোর তাগিদ দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, এটা খুব জরুরি। গতকাল শনিবার ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির পঞ্চম সমাবর্তনে সভাপতির বক্তব্যে তিনি এ কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, বেসরকারি বিশ্ববিদ্যালয় স্থাপনের শর্ত না মানাদের সতর্ক করে দিয়ে তিনি বলেন, এভাবে তারা বেশি দিন চলতে পারবে না। সমাবর্তনে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান বলেন, কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয় অনেক করছে, আবার অনেকে বিশ্ববিদ্যালয়কে ব্যবসা প্রতিষ্ঠান বানিয়েছে। ব্যবসা প্রতিষ্ঠান চালানো আর শিক্ষা প্রতিষ্ঠান চালানো এক বিষয় নয়। এ

কারণে যে কাজটি উপাচার্যের করার কথা কিন্তু তা করছেন বোর্ড অব ট্রাস্টিজের সদস্যরা।

সমাবর্তন অনুষ্ঠানে ৯৬২ জন শিক্ষার্থীকে গ্র্যাডুয়েশন ও পোস্ট গ্র্যাডুয়েশন ডিগ্রি এবং কৃতিত্বপূর্ণ ফলের জন্য ৪ জন শিক্ষার্থীকে স্বর্ণপদক প্রদান করা হয়। সমাবর্তন অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজ এর চেয়ারম্যান হাসান মাহমুদ রাজা। সমাবর্তন বক্তা হিসেবে ড. আহমদ কায়কাউস শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, এই অর্জিত জ্ঞান শুধুমাত্র সার্টিফিকেট লাভের উদ্দেশ্যে সীমাবদ্ধ না রেখে দেশ এবং জাতির সেবায় আত্ম নিয়োগ করতে হবে। অনুষ্ঠানে ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান, বোর্ড অব ট্রাস্টিজের ভাইস চেয়ারম্যান ফরিদুর রহমান খান প্রমুখ বক্তব্য রাখেন।